গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২২৪.২১-৭১০

তারিখ: ০৯ ভাদ্র, ১৪২৮ / ২৪ আগস্ট, ২০২১

বিষয়: ইনোভেশন টিমের ২০২১-২২ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব
সভার স্থান : আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১৯ আগস্ট, ২০২১
সময় : বিকাল ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্য বিধি মেনে ২০২১-২২ অর্থবছরের ১ম সভায় উপস্থিত নতুন কমিটির সকলকে অভিনন্দন জানান। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, সকল সেক্টরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে প্রতিনিধিত্বমূলক নতুন কমিটি ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নে ভূমিকা রাখবে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগে নতুন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ এর প্রেক্ষাপট, উদ্দেশ্য ব্যবহার ও মূল্যায়ন, সূচকের ব্যাখ্যা, পরিবীক্ষণ পদ্ধতি, মূল্যায়ন পদ্ধতি ইত্যাদি উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশিকার উপর বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়:

কর্মসম্পাদন ক্ষেত্র	আলোচনা	সিদ্ধান্ত
[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন [১.২] সেবা সহজিকরণ [১.৩] সেবা ডিজিটাইজেশন [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালেচনা সভা [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগের জন্য ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ এ একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য ১৬/০৩/২০২২ তারিখ, একটি সেবা সহজিকৃত ২৫/০২/২০২২, এবং ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকরণের জন্য ৩০/১২/২০২১ তারিখ নির্ধারণ করা আছে। সভায় প্রতিটি লক্ষ্যমাত্রা নির্ধারিত তারিখে অর্জনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। ই-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা অংশীজনদের নিয়ে ভার্চুয়ালি জুমের মাধ্যমে আয়োজনের বিষয়টি আলোচিত হয়। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা আয়োজনের বিষয়টি আলোচনা করা হয়।	ইনোভেশন টিমের সকল সদস্য কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবেন। ৩০/০৮/২০২১ তারিখের মধ্যে অংশীজন সভার আয়োজন করতে হবে। ই-নথির ব্যবহার বিষয়ে এ বিভাগের সকল কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় ২য় সভায় চূড়ান্ত করা হবে।

কর্মসম্পাদন ক্ষেত্র	আলোচনা	সিদ্ধান্ত
[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত [২.২.৩] কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত ২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	তথ্য বাতায়নে সকল সেবা বক্স নিয়মিত হালনাগাদকরণ, পরিকল্পনা বাস্তাবায়নের জন্য প্রশিক্ষণ এবং পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির উপর নিয়মিত সভা আয়োজনের জন্য গুরুত্ব দেওয়া হয়। তাছাড়া বরাদ্দকৃত অর্থ সুষ্ঠুভাবে ব্যয়ের পরিকল্পনা করা প্রয়োজন বলে সভায় আলোচিত হয়। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন বর্তমান করোনা পরিস্থিতির উন্নতি হলে আয়োজন করা হবে বলে সভায় একমত পোষণ করা হয়। নির্ধারিত সময়ে অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রেরণের বিষয়টি সভায় আলোচিত হয়।	প্রশিক্ষণের সকল আয়োজন সম্পন্ন করতে হবে। তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য নিয়মিত সভার আয়োজন করতে হবে। বরাদ্দকৃত অর্থ সুষ্ঠুভাবে ব্যয়ের পরিকল্পনা করতে হবে। অচিরেই দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন বর্তমান করোনা পরিস্থিতির উন্নতি হলে আয়োজন করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.০৮.২০২১

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব ওয়াহিদা হামিদ, উপসচিব, সদস্য সচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. জনাব মোহাম্মদ আশরাফুল ইসলাম, পরিচালক (উপসচিব), সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. জনাব তানমী শাহরীন, পরিচালক (উপসচিব), সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. জনাব সালেহীন তানভীর গাজী, পরিচালক (উপসচিব), সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. জনাব আইনুর আক্তার পান্না, পরিচালক (উপসচিব), সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. জনাব মোঃ মাহফুজার রহমান, রহমান, উপপরিচালক (উপসচিব), সদস্য, সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. জনাব মশিউর রহমান, উপপরিচালক (উপসচিব), সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৯. জনাব সারাহ সাদিয়া তাজনীন, উপপরিচালক (সি:স: সচিব), সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. জনাব সাবিকুননাহার শারমীন, সি:সহকারী সচিব, সদস্য, প্রশাসন অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১১. জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সদস্য, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১২. জনাব খায়রুল আমিন, প্রোগ্রামার, সদস্য, সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩. জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সদস্য, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সদস্য, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৫. জনাব মোঃ হেলাল খান, মূল্যায়ন কর্মকর্তা, সদস্য, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি:

১. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।